তারিখ : 16 SEP 2017
পৃষ্ঠা : 5 কলাম : 2

কালের কণ্ঠ

আলোচনাসভায় বক্তারা

# আন্তর্জাতিক পাঠ্যক্রমের সঙ্গে দেশের শিক্ষার সমন্বয় প্রয়োজন

নিজস্ব প্রতিবেদক ▷

উন্নত রাষ্ট্র হওয়ার লক্ষ্য পূরণে দেশের শিক্ষার্থীদের বৈশ্বিক নাগরিক করতে আন্তর্জাতিক পাঠ্যক্রমের সঙ্গে দেশের পাঠ্যক্রমের পর্যালোচনা ও সমন্বয় করা প্রয়োজন বলে মত দিয়েছেন বিশেষজ্ঞরা। গতকাল শুক্রবার রাজধানীর সোনারগাঁও হোটেলে 'ফোরাম অন ইন্টারন্যাশনাল এডুকেশন ফর গ্লোবাল সিটিজেনস' শীর্ষক আলোচনাসভায় বক্তারা এ কথা বলেন। আগা খান ফাউন্ডেশন ও আগা খান ডেভেলপমেন্ট নেটওয়ার্ক (একেডিএন) এ আলোচনাসভার আয়োজন করে।

সভায় উপস্থিত ছিলেন পররাষ্ট্রসচিব মো. শহীদুল হক, প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, একেডিএন বাংলাদেশের আবাসিক প্রতিনিধি মুনীর এম মেরালি, একেডিএনের কনসালট্যান্ট জনেট জেমিয়েসন, আগা খান একাডেমিয়ার গ্লোবাল ম্যানেজার জোনাথ নমার্শ প্রমুখ।